“ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (TOR)

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন (নির্ধারিত বাজেট):

১.০ পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (TOR):

১.১ প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, অনুমোদিত ব্যয়, প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতাসহ সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;

১.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য ও কার্য সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮) প্রতিপালন করা হয়েছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা ভেরিয়েশন করা হয়েছে কিনা ভেরিয়েশন করা হলে ও ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

১.৪ প্রকল্পের আওতায় সংগৃহিত পণ্য/কার্য সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হয়েছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও পরীক্ষাগারে প্রয়োজনীয় যাচাই করা);

১.৫ প্রকল্পের আওতায় সংগৃহিত জলযান ও সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি বিশ্লেষণ;

১.৬ অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণের লক্ষ্যে ডিপিপি/আরডিপিপির ক্রয় পরিকল্পনা, ক্রয়কারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং প্রকৃত ক্রয়ের স্ট্যাটাস পর্যালোচনা করা;

১.৭ প্রকল্পের ডিজাইনে কোন ত্রুটি আছে কিনা, প্রকল্পের লোকেশন নির্ধারণ যৌক্তিক হয়েছে কিনা, প্রকল্পের আওতায় বিভিন্ন প্রকিউরমেন্ট বাস্তব সম্মত কিনা ইত্যাদি বিষয়গুলো গভীর ও বিস্তারিতভাবে পর্যালোচনা করা এবং মতামত ও সুপারিশ প্রদান করা;

১.৮ প্রকল্প বাস্তবায়নে সৃষ্ট সমস্যা, যেমন অর্থায়নে বিলম্ব; পন্য, ক্রয়ে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনা এবং প্রকল্পে মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সর্বোপরি প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে সৃষ্ট সকল সমস্যাদির বিষয়ে Indepth ও বিস্তারিতভাবে পর্যালোচনা ও মতামত প্রদান করা;

১.৯ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে পর্যালোচনা;

১.১০ উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাযথ মনিটরিং হচ্ছে কিনা তা পর্যালোচনা করা;

১.১১ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ প্রকল্পের জনবলের কর্মদক্ষতা (performance) পর্যালোচনা;

১.১২ প্রকল্পের সকল সাইট পরিদর্শন করা;

১.১৩ প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত সকল প্রকল্প অগ্রগতির তথ্য পর্যালোচনা;

১.১৪ ইন্টারনাল ও এক্সটারনাল অডিট হয়েছে কিনা, হলে অডিট আপত্তি আছে কিনা; আপত্তি থাকলে কয়টি, বিবরণ কি, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি পর্যালোচনা;

১.১৫ প্রকল্পে উদ্দেশ্যের সাথে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সামঞ্জস্যপূর্ন কি না তা পর্যালোচনা;

১.১৬ প্রকল্পের SWOT বিশ্লেষণ; সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দুর্বলতা ঝুঁকি এবং অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি/দুর্বলতা উত্তরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

১.১৭ প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় ক্রয়কৃত জলযান ও সরঞ্জামাদির যথাযথ ব্যবস্থাপনার নিমিত্ত একটি Exit Plan তৈরী করা; এবং

১.১৮ আলোচ্য প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য গঠিত টেকনিক্যাল কমিটি ও স্টিয়ারিং কমিটির পরামর্শ /মতামত এবং আইএমইডির প্রভাব মূল্যায়ন কার্যক্রমের পরিপত্র অনুসরণে প্রভাব মূল্যায়ন কার্যক্রমটি নির্ধারিত পদ্ধতিতে সম্পাদন করা।

২.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	• প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার	যে কোন বিষয়ে মাস্টার্স ডিগ্রি (প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	• প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে কমপক্ষে ৩ (তিন)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা এবং প্রতিবেদন প্রণয়ন করার অভিজ্ঞতা; • গবেষণা পদ্ধতি, নমুনা সংগ্রহ, প্রশ্নমালা তৈরি, Statistical Analysis এবং প্রতিবেদন তৈরি করার অভিজ্ঞতা; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ-২০০৬) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর-২০০৮) –এর বিষয়ে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা; • ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিষয়ে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
	খ) ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার	ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রিধারী।	• সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা। • অগ্নিনির্বাপণ জলযান ও উদ্ধার সরঞ্জাম সম্পর্কে সম্মুখ ধারণা। • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ-২০০৬) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর-২০০৮) -এর বিষয়ে প্রশিক্ষণ এবং সরকারি ক্রয় কাজে বাস্তব অভিজ্ঞতা।
	গ) প্রজেক্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট	প্রকল্প ব্যবস্থাপনা/যে কোন বিষয়ে মাস্টার্স (প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	• কমপক্ষে ৫ টি (পাঁচটি) প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা; • প্রকল্প ডিজাইন ও প্রণয়নের কাজে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা; এবং • ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিষয়ে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৩.০ বর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	প্রারম্ভিক প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯৫ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	
৫)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১১৫ দিনের মধ্যে	

০৪। আইএমইডি কর্তৃক প্রদেয়ঃ

(ক) অনুমোদিত ডিপিপি;
(খ) সংশ্লিষ্টদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপনের লক্ষ্যে সহযোগিতা প্রদান।

৫.০ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১.	প্রকল্পের নাম	:	“ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ”	
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	
৪.	প্রকল্প এলাকা	:	সিদ্দিক বাজার, ঢাকা সিটি কর্পোরেশন (সংযুক্ত আশুলিয়া, সাভার); নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (নারায়ণগঞ্জ নদী); চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চট্টগ্রাম সমুদ্রগামী); চাঁদপুর সদর (চাঁদপুর নদী); খুলনা সিটি কর্পোরেশন (খুলনা নদী); বরিশাল সিটি কর্পোরেশন (সংযুক্ত মেহেন্দিগঞ্জ); রংপুর সিটি কর্পোরেশন (সংযুক্ত কুড়িগ্রাম)	
৫.	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	**মূল**	**সংশোধিত**
	ক)মোট	:	১৬৫১৯.৯৮	--
	খ)জিওবি	:	১৬৫১৯.৯৮	--
	গ)প্রকল্প সাহায্য	:	-	-
৬.	বাস্তবায়নকাল	:	**মূল**	**সংশোধিত**
	ক)আরম্ভ	:	জুলাই, ২০১৮	--
	খ)সমাপ্তি	:	জুন, ২০২১	--
৭.	প্রকল্পের উদ্দেশ্য:		• জলভাগে ও নৌরুটে দুর্ঘটনায় কবলিত ব্যক্তি ও যানের অবস্থান সনাক্ত করা ও উদ্ধার পরিচালনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সামর্থ্য বৃদ্ধি করা; • আধুনিক উদ্ধার সরঞ্জাম ও প্রযুক্তির সঙ্গে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ডুবুরিগণকে পরিচিত করা এবং আধুনিক উদ্ধার কৌশল প্রয়োগে পারদর্শী করা; • যেকোন দুর্যোগ দুর্ঘটনায় উন্নত সেবা প্রদানের মাধ্যমে উদ্ধার কার্যক্রম সম্পন্নের সময় হ্রাস করা।	
৮.	প্রধান প্রধান কার্যক্রম		• অগ্নিনির্বাপণ জলযান, উদ্ধার সরঞ্জাম, বেতার সরঞ্জামাদি, অফিস সরঞ্জাম ও পরিদর্শন জিপ ক্রয়। • প্রশিক্ষণ	